

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৯ জুলাই ২০২২ খ্রি.

সড়ক বাতির সুইচ অন অফ কাজে নিয়োজিত ইমাম, মোয়াজ্জিন ও পুরোহিতদের বাৎসরিক সম্মানী ভাতা প্রদানঅনুষ্ঠানে চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরী

সমাজের অন্ধকার দূর করে আলো ছড়ান

ইমাম-মোয়াজ্জিন ও পুরোহিতেরা

সামাজিক স্থিতিশীলতা রক্ষায় ইমাম, মোয়াজ্জিন ও পুরোহিতদের অসামান্য ভূমিকা রয়েছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব মো. রেজাউল করিম চৌধুরী।

আজ মঙ্গলবার সকালে নগরীর থিয়েটার ইনস্টিটিউট মিলনায়তনে চসিকের বিদ্যুৎ উপ বিভাগ আয়োজিত সড়ক বাতির সুইচ অন অফ কাজে নিয়োজিত ইমাম, মোয়াজ্জিন ও পুরোহিতদের বাৎসরিক সম্মানী ভাতা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি আরো বলেন, ইমাম-মোয়াজ্জিন ও পুরোহিতগণ ধর্মীয় অনুশাসন ও নৈতিকতা মেনে চলতে সমাজের মানুষকে উদ্বুদ্ধ করেন, অন্ধকারে আলোর বিচ্ছুরণ ঘটানোর প্রয়াস চালান। নিয়মতান্ত্রিক জীবন পরিচালনাকারী ইমাম, মোয়াজ্জিন ও পুরোহিতেরা সমাজের সর্বত্র সম্মানিত হন। তারা সন্ধ্যায় অন্ধকার নামার সাথে সাথে এ নগরের সড়কবাতিগুলো জ্বালানো এবং ভোরের আলো ফোটার সাথে সড়কবাতি নিভানোর মত একটি গুরুদায়িত্ব পালন করে আসছেন বহুকাল ধরে। সিটি কর্পোরেশনের এ কাজটির জন্য আলাদা লোকবল প্রয়োজন পড়েনা। তাই, সিটি কর্পোরেশন উনাদের বাৎসরিক সম্মানী হিসেবে প্রতীকি ভাতা দিয়ে থাকেন। আজ আমরা প্রথম দফায় ২৫০০টাকা করে ৬২৫জনকে ভাতা প্রদান করি।

সভায় তিনি আরো বলেন, শুধু অর্থ দিয়ে কি ইমাম, মুয়াজ্জিনের হক আদায় করা সম্ভব? আসুন তাঁদের সম্মান করি। তাঁদের প্রতি ভালোবাসা দেখাই। তাঁদের অবহেলা অবজ্ঞা অসম্মান করলে নামাজের প্রতি মনঃসংযোগ আনাও সম্পূর্ণ হওয়ার কথা না।

বিদ্যুৎ ও পানি স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর মোরশেদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, কাউন্সিল ওয়াসিম উদ্দিন চৌধুরী, মহিলা কাউন্সিলর রোজী আক্তার, নির্বাহী প্রকৌশলী ঝুলন কুমার, নির্বাহী প্রকৌশলী রেজাউল বারী প্রমুখ।

চসিক ভ্রাম্যমাণ আদালত

আরকান সড়কে উচ্ছেদ অভিযান

৭ ব্যক্তিকে ২২ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর আরকান রোডের বালুরটাল থেকে কালুরঘাট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বের অবৈধ দোকান ও স্থাপনা উচ্ছেদ। রাস্তা ও ফুটপাথ দখল করে বালি এবং অবৈধভাবে পার্কিং করে রাখা ট্রাক-বাস অপসারণ করা হয়। এই সময় রাস্তা দখল করে অবৈধভাবে বালি রাখা, বাস ও ট্রাক পার্কিং করা এবং দোকানের মালামাল রেখে জনদুর্ভোগ সৃষ্টির দায়ে ৭ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেমসহ সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, র্যাব-৭, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চান্দগাঁও থানা পুলিশ ও ৩১ আনসার ব্যাটালিয়ন সদস্যরা ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩